

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমষ্টি অনুবিভাগ
প্রশাসন-১ অধিশাখা

অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির
ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী।


সভাপতি : মো: সাইদুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমষ্টি)
তারিখ ও সময় : ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রি; সকাল ১০.০০ টা
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমষ্টি) মহোদয়ের অফিস কক্ষ
(কক্ষ নং ১৬০৩, ১৬তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো:

- (১) ড. নাছিমা আকতার, যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
- (২) জনাব মনির হোসেন চৌধুরী, উপসচিব (প্রশাসন-২), অর্থ বিভাগ।
- (৩) জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ, উপসচিব (সাম-পূর্বাভাস), অর্থ বিভাগ।
- (৪) জনাব সারোয়ার আহমেদ সালেহীন, উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য সচিব, অর্থ বিভাগ।
- (৫) জনাব মো: আব্দুর রাজ্জাক, উপহিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ'র কার্যালয়।
- (৬) জনাব মো: আব্দুল করিম, প্রোগ্রামার, এফএসএমইউ, অর্থ বিভাগ।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টার গত ১৯/০৯/২০২২ খ্রি: তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) মোতাবেক এটি প্রতি তিন মাস অন্তর হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সেবা সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদকরণে নাগরিকদের সহজে সেবা প্রাপ্তি নিশ্চিত করবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব হিসেবে বাজেট ও কর্মপরিকল্পনা অধিশাখার কর্মকর্তাকে মনোনীত করে কমিটি পুনর্গঠনপূর্বক সিটিজেন চার্টার হালনাগাদকরণের কার্যক্রম বাজেট ও পরিকল্পনা অধিশাখা থেকে সম্পন্ন করার ওপর গুরুত্ব প্রদান করেন। তিনি অর্থ বিভাগের সিটিজেন চার্টারটি পুরোনুপুরুষে পর্যালোচনা করেন। অর্থ বিভাগ ও অধিনস্থ সিজিএ'র কার্যালয়ের সিটিজেন চার্টারটিও নিয়মিত হালনাগাদ করা হচ্ছে বলে তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয়কে ধন্যবাদ জানান।


৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব সারোয়ার আহমেদ সালেহীন অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, অর্থ বিভাগের সিটিজেন চার্টার প্রতি তিনমাস অন্তর হালনাগাদ করা হচ্ছে। ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকৃত (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সিটিজেন চার্টারটি পরীক্ষা নিরীক্ষা করা হয় এবং প্রতিটি সেবার বিপরীতে নির্ধারিত সময়ও কমিয়ে আনা হয়। এ ব্যাপারে কমিটির সকল সদস্য সহমত পোষণ করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।


(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ৪.১। প্রতি তিন মাস অন্তর অর্থ বিভাগ ও সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)।
- ৪.২। নির্ধারিত সময়ের মধ্যে নাগরিকদের সেবা প্রদানে সচেষ্ট থাকতে হবে।
(সংশ্লিষ্ট সকল কর্মকর্তা)
- ৪.৩। সিটিজেন চার্টার হালনাগাদকরণের কার্যক্রমসহ পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালনের জন্য বাজেট ও কর্মপরিকল্পনা অধিশাখার কর্মকর্তাকে মনোনয়ন প্রদানপূর্বক উক্ত কমিটি পুনর্গঠন করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব, বাজেট ও পরিকল্পনা অধিশাখা)।
- ৪.৪। প্রতিটি অনুবিভাগ থেকে একজন করে প্রতিনিধি নিয়ে পরিবীক্ষণ কমিটিতে অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়টি পরীক্ষা করে দেখতে হবে।
- ৪.৫। সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণসহ পরিবীক্ষণ কমিটির সভার আয়োজন করবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মো: সাইদুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৭.২০. ২৩১

তারিখ : ২৯/০৯/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দ্: আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
- ২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা/বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা, অর্থ বিভাগ।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৫। সভায় উপস্থিত কর্মকর্তা, জনাব , অর্থ বিভাগ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।
(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।



(সারোয়ার আহমেদ সালেহীন)
উপসচিব ও ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ফোন : ২২৩৩৫৫০৩৭